

Class:- 9

Time:- 2 Hours

Name of the student :

Subject:- Bengali

Total :- 50 Marks

Roll: Section:

ক-বিভাগ**১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ।****১X৪=৪**

অকাল-মৃত্যু বোধ করি আর কখনো তেমন করুনভাবে আমার চোখে পড়ে নাই। ইহা যে কত বড় হৃদয়ভেদী ব্যাথার আধার, তাহা তেমন করিয়া বোধ করি দেখাই হয় না। গভীর নিশিতে চারিদিকে স্তব্ধতায় পরিপূর্ণ। শুধু মাঝে মাঝে ঝোঁপঝাড়ের অন্তরালে শ্মশানচারী পক্ষীর, শৃগালের কলহ চিৎকার। আর বহু দূরে তীব্র জলপ্রবাহের অবিরাম হু-হু আর্তনাদ—ইহার মধ্যে দাঁড়াইয়া উভয়েই নির্বাক স্তব্ধ হইয়া এই মহাকরণ দৃশ্যটির পানে চাহিয়া রইলাম। একটি গৌরবর্ণ ছয়-সাত বছরের স্ফুটপুষ্ট বালক—তাহার সর্বাঙ্গ জলে ভাসিতেছে, শুধু মাথাটি ঘাটের উপর। বোধকরি জল হইতে তাহাকে এইমাত্র তুলিতেছিল। শুধু আমাদের আকস্মিক আগমনে নিকটে কোথাও গিয়া অপেক্ষা করিয়া আছে। তার মৃত্যু যে হয়েছে ৩-৪ ঘণ্টার বেশি হবে না। ঠিক যেন নিদারুণ যাতনা ভোগ করিয়া সে বেচারি মা গঙ্গার কোলের উপরে ঘুমাইয়া পড়িয়াছিল। মা অতি সাবধানে তাহার সুকুমারের নিখর দেহটিকে এইমাত্র কোল হইতে বিছানায় শোয়াইয়া দিতেছিলেন। জলে স্থলে বিন্যস্ত সেই ঘুমন্ত শিশুর দেহটির উপর সেদিন আমাদের চোখ পড়িয়া ছিল।

ক) গভীর নিশিতে চারিদিক কেমন ছিল?

i) মনোরম দৃশ্যে পরিপূর্ণ

ii) নিবিড় স্তব্ধতায় পরিপূর্ণ

iii) জ্যেৎস্নায় আলোয় আলোকিত

iv) গভীর জঙ্গলে ঘেরা।

খ) বালকটির বয়স আনুমানিক কত ছিল?

i) ছয় সাত

ii) সাত আট

iii) নয় দশ

iv) চার পাঁচ

গ) খুব সম্ভবত কত ঘণ্টার অধিক তাহার মৃত্যু হয় নাই?

i) চার পাঁচ ঘণ্টা

ii) তিন চার ঘণ্টা

iii) ছয় সাত ঘণ্টা

iv) নয় দশ ঘণ্টা

ঘ) প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বার করো যার বিপরীত শব্দ 'জন্ম'।

i) মৃত্যু

ii) জীবন

iii) নদী

iv) দিঘী

২। ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো। (যে কোনো তিনটি)**১X৩=৩**

ক) শ্মশানের বুকে আমরা রোপন করেছি পঞ্চবটি

খ) দেবাদি দেব মহাদেব কে আমরা নীলকণ্ঠ বলে সম্বোধন করি।

গ) দ্রব্যমূলের দাম এখন আকাশছোঁয়া

ঘ) সপ্তাহ ব্যাপী উদযাপন চলছে।

৩। নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো। (যে কোনো দুটি)**১X২=২**

ক) প্রতিভা কি শিক্ষা নিরপেক্ষ? (নাস্ত্যর্থক বাক্যে পরিবর্তন কর)

খ) ছেলেটিকে আপনি অকারনে শাস্তি দিয়েছেন। (প্রশ্নসূচক বাক্যে পরিবর্তন কর)

গ) যেটা অন্যায্য তাকে প্রশ্ন দেবেন? অনুজ্ঞাসূচক বাক্যে পরিবর্তন কর)

খ-বিভাগ**৪। পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ। (যে কোনো তিনটি)।****১X৩=৩**

ক) ফটিকের আর সহ্য হইল না—কি সহ্য হলো না?

i) মাখনের মিথ্যা কথা

ii) মাখনের সত্যি কথা

iii) মায়ের মিথ্যা কথা

iv) মায়ের সত্যি কথা।

খ) বাবা মারা যাওয়ার পর ইলিয়াসের অবস্থা কেমন ছিল?

i) দরিদ্র

ii) ধনী

iii) মধ্যবিত্ত

iv) না ধনী না দরিদ্র

গ) মামীর চোখে ফটিক হল—

i) স্নেহের পুতুলি

ii) একটি দুর্গহ

iii) একজন চাকর বাকর

iv) খুব ভালো ছেলে

ঘ) চার দেওয়ালে আটকে পড়ে কেবল তার মনে পড়তো। শূন্যস্থানটিতে হবে?

i) সঙ্গী সাথীদের কথা

ii) গ্রামের কথা

iii) মায়ের কথা

iv) মাখনের কথা।

৫। ক) "তাহার আপাদমস্তক ভ জা, সর্বাস্থে কাঁদা, মুখ চক্ষু লোহিত বর্ণ, থর থর করিয়া কাঁ পতেছে"—
আপাদমস্তক কথাটির অর্থ কি? কেন সে থরথর করে কাঁপছিল?

২

অথবা,

খ) "এটা খুবই জ্ঞানের কথা"---বক্তা কে? জ্ঞানের কথাটি কি?

৬। ক) "বিধবা এ প্রস্তাবের সহজেই সম্মত হইলেন"---বিধবা বলতে কাকে বোঝানো হয়েছে? প্রস্তাবটি কি ছিল
সংক্ষেপে আলোচনা কর?

৩

অথবা,

খ) "আসল অবস্থা বুঝে উঠবার আগেই একেবারে সর্বহারা হয়ে গেল"----তার সর্বহারা হয়ে পড়ার কারণ কি?

৭। ক) "জন্তুর মতো এক প্রকার অবুঝ ভালবাসা--কেবল কাছে যাইবার একটা অন্ধ ইচ্ছা" "ছুটি" গল্পটি কি জাতীয়
গল্প? লাইনটির যৌক্তিকতা বিচার কর

(২+৩)=৫

অথবা,

খ) "কিন্তু ঈশ্বর আমাদের কাছে সত্যকে উন্মুক্ত করেছেন" বক্তা কে? কোন সত্যের কথা বলা হয়েছে? তা
কিভাবে উন্মুক্ত হয়?

৮। প্রসঙ্গ ব্যাখ্যা কর।

৫

ক) "মানব সেজে আসা হলো
মানুষ হয়েই ফিরে যাব"

অথবা,

খ) "সভ্যতার নব নব তৃষ্ণা ক্ষুধা
উঠে কত হলাহল উঠে কত সুধা"

৯। ক) আমায় কেউ নিলাম করবে, সুতোকলে, কামারশালায়"----কার লেখা, কোন রচনার অংশ লাইনটির
তাৎপর্য বিশ্লেষণ কর?

(২+৩)=৫

অথবা,

খ) "খেয়া নৌকা পারাপার করে নদীস্রোতে
কেউ যায় ঘরে, কেহ আসে ঘর হতে"
কার লেখা কোন কবিতার অংশ? লাইনটির তাৎপর্য বিশ্লেষণ কর?

গ-বিভাগ

১০। সহায়ক পাঠ থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ। (যে কোনো তিনটি)।

১×৩=৩

ক) গ্রামের পাঠশালার গুরু মশাইয়ের নাম কি?

i) শংকর গুরু মহাশয়

ii) প্রসন্ন গুরু মহাশয়

iii) রামচন্দ্রগুরু মহাশয়

iv) হরিহর গুরু মহাশয়।

খ) অপুদের গাই গরুর নাম কি?

i) রাঙা গাই

ii) ছোট গাই

iii) কালো গাই

iv) বাছুর

গ) "আমি মরবার সময় বইখানা তোমায় দিয়ে যাব"--কোন বইয়ের কথা বলা হয়েছে?

i) প্রেম ভক্তি চন্দ্রিকা

ii) শ্রীকৃষ্ণকীর্তন

iii) মঙ্গলকাব্য

iv) চন্দীমঙ্গল

ঘ) জেলে পাড়ার ছেলেদের মধ্যে ব্যতিক্রম কে ছিল?

i) অপু

ii) পটু

iii) শতু

iv) ফনে

১১। ক) একদিন পাঠশালায় একটা অদ্ভুত ঘটনা ঘটিয়া ছিল, যাহা তাহার জীবনের নতুন অভিজ্ঞতা"---কার লেখা
কোন রচনার অংশ? এখানে কার, কিরূপ অভিজ্ঞতার কথা বলা হয়েছে?

(২+৩)=৫

১২) "জীবনে এই প্রথম বাঁধাহীন গণ্ডি হীন মুক্তির উল্লাসে তাহাদের তাজা তরুণ রক্ত তখন মাতিয়া উঠিয়া ছিল_পরে
কি হইবে তা ভাবিবার অবসর কোথায়"--কার লেখা কোন রচনার অংশ? অংশটির প্রসঙ্গ উল্লেখ কর? 'মুক্তির
উল্লাস' বলতে এখানে কি বুঝানো হয়েছে?

(২+৩)=৫

১৩) নিম্নলিখিত যেকোন বিষয়ে বিজ্ঞপ্তি লিখ:-

৫

ক) তোমাদের ক্লাবের উদ্যোগ এলাকার পথ শিশুদের জন্য বস্ত্র বিতরণের আয়োজন করা হয়েছে। এ বিষয়ে
সংবাদপত্র একটি বিজ্ঞপ্তি জারি করা

অথবা

খ) তোমার বিদ্যালয়ে স্কুল ম্যাগাজিন প্রকাশিত হতে চলেছে। স্কুলের অন্যান্য ছাত্রদের ম্যাগাজিনের জন্য
লেখা জমা দেওয়ার আহ্বান জানিয়ে একটি বিজ্ঞপ্তি জারি কর।